
শুভা ও দেবতার গ্রাস
চিত্রনাট্য ও পরিচালনা: পার্থপ্রতিম চৌধুরী


4-12-64
রবীন্দ্রনাথের
সুভা
ও
দেবতার গ্রাস
চিত্রনাট্য ও পরিচালনা· পার্থপ্রতিম চৌধুরী

সাজ ও আওয়াজ

সিনেএন্টারপ্রাইজার্স-এর

# সুভা ও দেবতার গ্রাস

প্রসঙ্গত ॥ সুভা

রবীন্দ্রনাথ অবলম্বনে ॥ চিত্রায়ণ : দীনেন গুপ্ত ॥ সহকারী : সুনীল চক্রবর্তী ॥ বেণু সেন ॥ সম্পাদন : তরুণ দত্ত ॥ সহকারী : প্রশান্ত দে ॥ রথীশ সাহা ॥ রূপন : অনন্ত দাস ॥ সহকারী : ভীম নস্কর ॥ প্রধান সহকারী-পরিচালন : সুনীল বন্দ্যোপাধ্যায় ॥ সহকারী : রঞ্জন মজুমদার, হরিদাস চট্টোপাধ্যায় ॥ শব্দগ্রহণ : বাণী দত্ত ॥ শব্দপুণর্যোজনা : শ্যামসুন্দর ঘোষ ॥ শিল্পন : কার্তিক বসু ॥ সহকারী : সূর্য্য চাট্যার্জী ॥ নেপথ্য-কণ্ঠে : সবিতাব্রত দত্ত, রুমা দাস (বাণীচক্র) ॥ সহকারী-সুরকার : রবীন সরকার ॥ সাজসজ্জা : বৈজরাম শর্মা এবং দি নিউ ষ্টুডিও সাপ্লাই ॥ অন্তর্দৃশ্যে : ক্যালকাটা মুভীটোন ষ্টুডিও ॥ ব্যবস্থাপন : সুখময় সেন ॥ মহাদেব সেন ॥ গোপাল দাস ॥ আবহ-সংগীত : সুরশ্রী অর্কেষ্ট্রা ॥ প্রচার : রঞ্জিৎকুমার মিত্র ॥ সহকারী : পিণ্টু দত্ত ॥ প্রচার কার্যে : নির-আর্ট, স্লাইড্‌কো ॥ গোরাচাঁদ রায় ॥ স্থিরচিত্র : পিক্‌স ষ্টুডিও ॥ পরিচয়লিপি : রতন বরাট ॥

প্রসঙ্গত ॥ দেবতার গ্রাস

রবীন্দ্রনাথ অবলম্বনে ॥ সুভার কলাকুশলীই বর্তমান। শুধুমাত্র পরিবর্তিত—

শিল্পন : সুরেশ চন্দ্র ॥ সহকারী-পরিচালন : রাজকুমার রায়চৌধুরী

নেপথ্য-কণ্ঠ : রুমা গুহঠাকুরতা, সরোজিনী দাসী।

কৃতজ্ঞতা স্বীকার : লক্ষীকান্ত মণ্ডল, বিষ্ণুপদ সামন্ত (কাকদ্বীপ)

পরিবেশনায় : **দিবাকর চিত্রম্‌** (কলিকাতা), **অপ্সরা ফিল্মস্‌** (শহরতলী ও মফঃস্বল)

প্রযোজনা ও সুর : **ভি, বালসারা**

চিত্রনাট্য ও পরিচালনা : **পার্থপ্রতিম চৌধুরী**



# সুভার আর এক নাম বেদনা....

ছোট গ্রাম।
গ্রামের পাশে নদী।
নদীর ধারে সুভা।
সুভার চোখে নদীর ছায়া পড়ে।
ও চুপ করে থাকে।
ও কথা বলে না।
ও কথা বলতে পারে না।
নদীর ধারে আরো একজন বসে থাকে।
মাছ ধরে। প্রতাপ।
প্রতাপকে মনের কথা জানাতে চেয়েছে সুভা।
কিন্তু পারেনি।
ওযে বলতে পারে না কথা।
ওযে শুনতে পায়না কিছু॥

কোনরকমে একটা সম্বন্ধের সুতো ধরে
বাবা বানীকণ্ঠ সুভার গলায় একটা বিয়ের
মালা পড়িয়ে দেন।
ফুলশয্যার রাতে স্বামী জানতে পারে সুভা মূক। সুভা
বধির। স্বামী দেখেশুনে দ্বিতীয় বার বিয়ে করেন।
এবার বৌটি কথা বলতে পারে
এবং শুনতেও পায়॥



আর সুভা ?
ওফিরে আসে নদীর ধারে।
চিরচেনা গ্রামে। গাছগাছালীর ছায়ায়।
পাখপাখালীর মায়ায়।
চোখে ও আবার মেখে নেয় কাজল ;
নির্জ্জন একাকীত্বের, অনুভূতির কাজল।
যে চোখে একটু আগেও ছিল জল।
বেদনার আর এক নাম জল।
চোখের জল ॥

## সঙ্গীত প্রসঙ্গে ॥

কথা ঃ মুকুন্দদাস
কণ্ঠ ঃ সবিতাব্রত দত্ত

হাসিতে খেলিতে আসিনি এ জগতে
করিতে হবে মোদের মায়েরি সাধনা
দেখতে হবে আজি জগতবাসী সবে
এখন ভারতের যায়নি চেতনা
গভীর ওঁঙ্কারে হুঁঙ্কারি দেরে ডাক
শিহরি উঠুক বিশ্ব মেদিনীটা ফেটে যাক্
আমাদের জন্মভূমি দেবতার লীলাভূমি
দেবগণ আসুক নেমে পূর্ণ হউক কামনা।
সার্থক হবে আজি এ জনম সবাকার
ছেলের গৌরবে হবে গরবিনী মা আমার
জগৎ লুটিয়ে পায় ঘুচে যাবে যতদায়
মিটে যাবে মুকুন্দের চিরদিনের কামনা।

কোনও একদিন···
কোনও এক সময়ে···
কোনও এক স্থানে···
সূর্য্য গেল অস্তাচলে···
আর উঠিল না ॥

অথচ এই সূর্যপ্রণাম সেরেই একদিন এক তীর্থ যাত্রীদল
বেড়িয়েছিল সাগর সঙ্গমে।
সেই দলে ছিলেন আমাদের মৈত্র মহাশয়। মোক্ষদা।
আর ছোট্ট ছেলে রাখাল।
তীর্থের শেষে পুণ্যি নিয়ে ফিরছিলেন সবাই
হঠাৎ—

অসময়ে ঝড় তুফান।
মৃত্যুপথ যাত্রীরা বিধাতাপুরুষের এই নির্মমতায়
হলেন দ্বিধাবিভক্ত ঃ সংস্কারাচ্ছন্ন
মানুষের ভীড়ে বিবেক মানবতার
টললো আসন।
তবে কি দেবতার ধন কেউ ফিরিয়ে
নিয়ে যাচ্ছে ? মানত করে কি কেউ
সে মানত রাখেনি ? ঋণ শোধ
করে নি দেবতার ?
কে সে ?
মোক্ষদা চোখ বোজে।

'শুধু কি মুখের বাক্য শুনেছ দেবতা !
শোন নি কি জননীর অন্তরের কথা।'······





## সঙ্গীত প্রসঙ্গে ॥

কথা ঃ রবীন্দ্রনাথ
কণ্ঠ ঃ রুমা গুহঠাকুরতা

আমার বিচার তুমি করো তব আপন করে।
দিনের কর্ম আনিনু তোমার বিচারঘরে ॥
যদি পূজা করি মিছা দেবতার, শিরে ধরি যদি মিথ্যা আচার,
যদি পাপ মনে করি অবিচার, কাহারো 'পরে
আমার বিচার তুমি করো তব আপন করে ॥

লোভে যদি কারে দিয়ে থাকি দুখ, ভয়ে হয়ে থাকি ধর্মবিমুখ,
পরের পীড়ায় পেয়ে থাকি সুখ ক্ষণেক-তরে—
তুমি যে জীবন দিয়েছ আমায় কলংক যদি দিয়ে থাকি তায়
আপনি বিনাশ করি আপনায় মোহের ভরে
আমার বিচার তুমি করো তব আপন করে ॥



রূপায়নে ঃ

**সুভা প্রসঙ্গে ॥**

শর্মিলা ঠাকুর ॥ কালী ব্যানার্জী ॥ অনুভা গুপ্তা
লিলি চক্রবর্তী ॥ গীতা দে ॥ সতীন্দ্র ভট্টাচার্য্য ॥ নিভাননী
বঙ্কিম ঘোষ ॥ অবনী ভট্টাচার্য্য ॥ ভোলা দত্ত ॥ রুবি মিত্র
শ্রীমান অপরেশ ॥ সূর্য্য চট্টোপাধ্যায় ॥ গজা ॥
৺রমেশ দাস প্রভৃতি

**দেবতার গ্রাস প্রসঙ্গে ॥**

বিকাশ রায় (মৈত্র মহাশয়) ॥ রুমা গুহঠাকুরতা
(মোক্ষদা) ॥ চিত্রা মণ্ডল (রাখালের মাসী) ॥ রবি ঘোষ
দুলাল ঘোষ ॥ দুর্গাদাস ব্যানার্জী ॥ শ্রীমান কিশোর
হৃষিকেশ চট্টোপাধ্যায় ॥ সরোজিনী দাসী ॥ লাবণ্য ঘোষ
রাধাগোবিন্দ দাস ॥ গদাধর সেন ॥ মৃণাল মজুমদার
এবং শ্রীমান সৌমিত্র (রাখাল)



প্রস্তুতির পথে . . .

দিবাকর চিত্রম্‌-এর
প্রথম প্রচেষ্টা

# অগ্নিসাক্ষী

কাহিনী ও চিত্রনাট্য :
মন্মথ রায়

পরিচালনা :
উমাপ্রসাদ মৈত্র

সংগীত :
শ্যামল মিত্র

চিত্রগ্রহণ :
দীনেন গুপ্ত

দিবাকর চিত্রম্‌, ৬/৩, ম্যাডান ষ্ট্রীট, কলিকাতা-১৩ হইতে প্রকাশিত ও
অনুশীলন প্রেস, ৫২, ইণ্ডিয়ান মিরর ষ্ট্রীট, কলিকাতা-১৩ হইতে মুদ্রিত।